# Times Today BD

রেজাউল করিম লিটন | দেশজুড়ে | 11 May, 2025

ভারতে যাওয়ার সময় দর্শনা চেকপোস্টে পুলিশের হাতে গ্রেফতার হয়েছে চুয়াডাঙ্গা জেলা আওয়ামীলীগের নেতা গোলাম মর্তুজা। আটক গোলাম মর্তুজা (৭২) চুয়াডাঙ্গা জীবননগর উপজেলার মিনাজপুর গ্রামের মৃত মেহের আলীর ছেলে।আজ রবিবার (১১ মে) সকাল সাড়ে ১০ টায় দর্শনা জয়নগর আন্তর্জাতিক চেকপোস্ট দিয়ে ভারতে গমনের সময় ইমিগ্রেশন পুলিশ তাকে গ্রেফতার করে দর্শনা থানা হেফাজতে প্রেরণ করে।

গোলাম মর্তুজা  ২০১৯-২০১৪ সাল পর্যন্ত জীবননগর উপজেলার আওয়ামীলীগ সমর্থিত চেয়ারম্যান ছিল এবং ২০০৯ থেকে ২০২১ সাল পর্যন্ত জীবননগর উপজেলা আওয়ামী লীগের সভাপতির দায়িত্ব পালন করে। গ্রেফতারকৃত মোঃ গোলাম মর্তুজার বিরুদ্ধে দর্শনা থানার এফ আই আর নাম্বার ০৯, তারিখ-২৭.০৮.২০২৪ খ্রিষ্টাব্দ জি আর নং-১২৭, তারিখ ২৭.০৮.২০২৪ খ্রিষ্টাব্দ সময় ১৩:৩০ ঘটিকা ধারা- ১৪৩/৪৪৭/৪৪৮/৩২৩/৩২৫/৩৪২/৩০৭/৩৮০/৫০৬(২)/১১৪ পেনাল কোড-১৮৬০ তৎসহ ৩/৪ □□□ □□□□□□□□□ □□□□□□□□□□□□ □□□ □□□□ রুজু রয়েছে।

দর্শনা থানার অফিসার ইনচার্জ ( ওসি) শহীদ তিতুমীর ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন।

ভারত পুলিশ আওয়ামী লীগ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 June, 2025 19:17

URL: https://timestodaybd.com/across-the-country/7758072297